

471

## এইচএসসি পরীক্ষা পিছিয়ে গেল

॥ মাজল উদ্দীন আহমদ ॥

এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে। আগামী ২১শে মে থেকে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর আগে ১৬ই এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা হবার কথা ছিল।

আন্তর্জাতিক বোর্ডের ৪ঠা ফেব্রুয়ারীর এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সংশ্লিষ্ট কমিটি সূত্রে জানা গেছে যে সরকারী কলেজ শিক্ষকদের দীর্ঘ দিনের ধর্মঘট এবং এর সঙ্গে এর আগে এসএসসি পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব হবার দরুন এইচএসসি পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে।

কমিটি আরো জানিয়েছে, অনেক কলেজ সিলেবাস শেষ করতে পারেনি।

উল্লেখযোগ্য, ১৯৭১ সালে এসএসসির প্রশ্নপত্র ফাঁস হলে পরীক্ষার ফল অনেক বিলম্বের হয়। এছাড়া সরকারী কলেজ শিক্ষকরা ধর্মঘট করেন ৩ মাস।

কাতার ও দোহায় নয়া কেন্দ্র ঢাকা শিক্ষা বোর্ড মাধ্যমিক পরীক্ষার পরীক্ষা কেন্দ্রসমূহ (শেষ পৃঃ ৪-এর কঃ দঃ)।

## পরীক্ষা

(১ম পৃঃ পর)

শুধুমাত্র থানা সদরে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রসমূহ মহকুমা সদরে স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রাথমিক পদক্ষেপ হিসাবে ঢাকা বোর্ড এবার ১১টি এসএসসি পরীক্ষা কেন্দ্র বাড়িল করেছেন। ঢাকা বোর্ডের দেয়া ২রা ফেব্রুয়ারীর এক সাক্ষাৎকারে বলা হয়েছে পরীক্ষা কেন্দ্রের কর্মবর্ধমান নিরাপত্তা এবং পরীক্ষার দুর্নীতি ও অন্যান্য জটিলতা রোধকল্পেই এ ব্যবস্থা।

ঢাকা শিক্ষা বোর্ড যে সব পরীক্ষা কেন্দ্র প্রত্যাহার করে নিয়েছেন সেগুলো হলো : গাজীপুর, ডাওয়াল জামালপুর, ঝিটকা, করটিয়া, সন্তোষ, জামকী, মোমেনশাহী ক্যাডেট কলেজ, কামারখালি, রামদিয়া, নান্দিনা এবং গৌরীপুর।

এছাড়াও ঢাকা বোর্ড ঢাকা জেলার আড়াই হাজার, দৌলতপুর এবং ময়মনসিংহ জেলার আটপাড়া ও মদন—এই চারটি নতুন পরীক্ষা কেন্দ্র স্থাপন করেছে।

বোর্ড আরো জানিয়েছে তারা এবার কুয়েত ও দোহা (কাতার)—এ দুটি স্থানে পরীক্ষা কেন্দ্র চালু করেছে।

উল্লেখ্য, আগামী ১২ই মার্চ হতে ঢাকা বোর্ডসহ দেশের অন্যান্য বোর্ডেও একই সঙ্গে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।